গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
খানসামা, দিনাজপুর।
doict.khansama.dinajpur.gov.bd

শেখ হাসিনার অবদান
ডিজিটাল হল জীবনমান

# আইসিটি সংক্রান্ত অক্টোবর /২০১৯ খ্রি. মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : আহমেদ মাহবুব-উল-ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর।

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, খানসামা, দিনাজপুর।
তারিখ : ১৪/১০/২০১৯ খ্রি:
সময় : দুপুর ৩.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-'ক'-তে দেখানো হ'ল।

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সরকারি যে কোন সেবা গ্রহণের ক্ষেত্রে নাগরিকগণের যাতে সময়, খরচ ও ভিজিট কম হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য উপজেলা আইসিটি কমিটির সদস্যবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন। সভায় উপস্থিত সদস্যগণ তাদের গৃহীত সমস্যা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন এবং আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয় :

| ক্রমিক: | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১.০ | **ওয়েব সাইট হালনাগাদকরণ:** এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, খানসামা উপজেলার ওয়েব সাইটের হালনাগাদে দপ্তরের কর্মকর্তারা আন্তরিক হওয়ার অনুরোধ জানান এবং উপজেলার বিভিন্ন দপ্তর ওয়েব সাইট হালনাগাদ করণ কারযক্রম শুরু করেছে, ইতিপূর্বে ওয়েব পোর্টাল ট্রেনিং বিভিন্ন দপ্তরে কর্মকর্তা/ কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হয় এবং অন্যান্য দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন সময়ে এ বিষয়ে সহযোগিতা প্রদান করেন। এছাড়াও সকল ইউনিয়ন ওয়েব পোর্টাল নিয়মিতভাবে হালনাগাদ করা হচ্ছে। | ১। ওয়েব সাইট হালনাগাদ করার জন্য দপ্তর প্রধানদের আন্তরিক হওয়ার জন্য অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়।<br>২। ইউনিয়ন পর্যায়ে ওয়েব সাইটে নিয়মিত তথ্য হালনাগাদকরণের জন্য ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণকে অনুরোধ করা হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। | ১। দপ্তর প্রধান (সকল), খানসামা, দিনাজপুর।<br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, খানসামা, দিনাজপুর<br>৩। উদ্যোক্তা (সকল) |
| ২.০ | **ই-নথি বাস্তবায়ন সংক্রান্ত:** এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, ই-নথি প্রশিক্ষণ ইতিমধ্যে উপজেলার উপজেলা নির্বাহী অফিস, উপজেলা শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা সমাজসেবা অফিসের কর্মকর্তা এবং কর্মচারীরা খানসামা জেলা প্রশাসকের কার্যালয়ে প্রশিক্ষণ সম্পন্ন করেছেন। পর্যায়ক্রমে উপজেলার অন্যান্য দপ্তরের কর্মকর্তা এবং কর্মচারীরাও প্রশিক্ষণের সুযোগ পাবেন। বর্তমানে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা ভূমি অফিসে ই-ফাইলিং লাইভে কাজ চলমান রয়েছে। | ১। ই- নথি কার্যক্রম সার্বক্ষনিক সহযোগিতা করার জন্য সহকারী প্রোগ্রামারকে অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। | ১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, খানসামা, দিনাজপুর |
| ৩.০ | ইনফো-সরকার ফেস-২ প্রকল্প **কর্তৃক ইন্টারনেট এবং ভিডিও কনফারেন্স সিস্টেমের কানেকটিভিটি সংক্রান্ত:** এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে,<br>ক) ইতিমধ্যে বিসিসি ইনফো-সরকার ফেস-২ প্রকল্প কর্তৃক মনোনীত উপজেলার ২৮ টি অফিসে রাউটার এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ভিডিও কনফারেন্স সিস্টেম স্থাপন করা হয়। উক্ত কাজের কারিগরি সহায়তা প্রদান করেন ফাইবার এ্যাট হোম।উপজেলার কমন পাসওয়ার্ড পরিবর্তন করে সকল দপ্তরের নিজস্ব দেয়া হয়েছে। | ১। উপজেলা পর্যায়ে সংযোগ প্রদানকৃত অফিসসমূহের ইন্টারনেট সংযোগ সবসময় সচল রাখা ও দপ্তরসমূহের সমস্যা সমাধানে ফাইবার এ্যাটহোম এর সাথে যোগাযোগের জন্য সহকারী প্রোগ্রামার ও রিজিওনাল ইন-চার্জ, ফাইবার অ্যাট হোম কে অনুরোধ করা হয়।<br>২। ভিডিও কনফারেন্স সিস্টেমটি যাতে সার্বক্ষণিক সচল থাকে তা সহকারী প্রোগ্রামারকে মনিটরিং করার জন্য অনুরোধ করা হয়। | ১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, খানসামা, দিনাজপুর<br>৩। রিজিওনাল ইন-চার্জ, ফাইবার অ্যাট হোম |
| ৪.০ | **ইউনিয়ন পর্যায়ে POP ( Point of Presence) স্থাপন সংক্রান্ত:** এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, খানসামা উপজেলার ০৬ টি ইউনিয়নের ইনফো-সরকার ফেস-৩ প্রকল্প কর্তৃক ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়। আলোকঝাড়ী ইউনিয়নের পুরাতন ভবনে জায়গা সংকুলান না হওয়ায় উপজেলার মা ও শিশু হাসপাতালে সার্ভার স্থাপন করা হয়েছে। উপজেলার প্রধান রাস্তাটি সংস্কার কাজের সময় উক্ত | ১। ইউনিয়নের POP সেন্টারসমূহ সক্রিয় রাখার জন্য সহকারী ব্যবস্থাপন, বিটিসিএল প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করার জন্য অনুরোধ করা হয়।<br>২। আলোকঝাড়ী ইউনিয়নের ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগটি চালু করার জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগের জন্য সহকারী প্রোগ্রামারকে অনুরোধ জানানো হয়। | ১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, খানসামা<br>২। সহকারী ব্যবস্থাপক, বিটিসিএল, খানসামা, দিনাজপুর |

| ক্রমিক: | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | সার্ভার হতে ইউনিয়ন পরিষদে সংযোগ ক্যাবলটি কেটে যাওয়ায় সংযোগ বিচ্ছিন্ন রয়েছে। | | |

| | | | |
|---|---|---|---|
| ৫.০ | **উপজেলা/ইউনিয়ন ডিজিটাল সেন্টার কার্যক্রম সংক্রান্তঃ**<br>এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, ইউনিয়ন ডিজিটাল সেন্টার বিভিন্ন সরকারি সেবা ও কম্পিউটার প্রশিক্ষণে দিক দিয়ে ভালো অবস্থানে আছে। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের যন্ত্রপাতি সচল রাখা ও অচল যন্ত্রপাতিসমূহ মেরামত করার জন্য উদ্যোক্তাদের অনুরোধ জানান। | ১। জনগণের সরকারি সেবা নিশ্চিত প্রাপ্তির জন্য উদ্যোক্তারা যাতে নিয়মিত ডিজিটাল সেন্টারে অবস্থান করেন তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়।<br>২। ইউনিয়ন ডিজিটাল সেন্টারে রক্ষিত নষ্ট মালামাল উদ্যোক্তাদের মাধ্যমে সার্ভিসিং এর ব্যবস্থা করা এবং যে সমস্ত ডিজিটাল সেন্টারে ল্যাপটপ, ডেক্সটপ, ক্যামেরা, ফটোকপি মেশিন, সোলার সিস্টেম নেই তা এলজিএসপি ফান্ড থেকে ক্রয়ের জন্য ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। | ১। ইউপি চেয়ারম্যান (সকল)<br>২। উদ্যোক্তা (সকল ) |
| ৬.০ | **<u>শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্তঃ</u>** এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যেঃ<br>ক) ২০১৫-২০১৬ অর্থ বছরে ০২টি স্কুল এন্ড কলেজ মাধ্যমিক বিদ্যালয়ে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে।<br>খ) ২০১৬-২০১৭ অর্থ বছরে ০১টি ডিগ্রী কলেজে শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং ২০১৭-২০১৮ অর্থ বছরে ০২ টি উচ্চ বিদ্যালয় ও ডিগ্রী কলেজে শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুম স্থাপন করা হয়েছে।<br>খানসামা উপজেলার ০৫টি শিক্ষা প্রতিষ্ঠানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলো নিয়মিত ডিজিটাল ল্যাব এ পাঠদান চলছে। উক্ত ল্যাব গুলো তিনি ইতিমধ্যে পরিদর্শন করেছেন। পরিদর্শনকালে স্কুল এর ছাত্রছাত্রীদের বেসিক কম্পিউটার এর উপর ২ ঘণ্টব্যপী ক্লাস নেয়া হয়। পরিদর্শনকালে তিনি জানান যে, প্রতিষ্ঠানে ল্যাবের ব্যবহার সন্তোষজনক এবং ডিজিটাল ক্লাসরুম হিসেবে ও তারা ল্যাব যথাযথ ব্যবহার করছেন। | ১। ল্যাবের যথাযথ ব্যবহার যাতে ১০০% বাস্তবায়িত হয় তা সহকারী প্রোগ্রামারকে মনিটরিং ও সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়। | ১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, খানসামা, দিনাজপুর<br><br>২। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল), খানসামা, দিনাজপুর |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(আহমেদ মাহবুব-উল-ইসলাম)
উপজেলা নিবার্হী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
খানসামা, দিনাজপুর
☏০৫৩৩২-৫৬০০১ (অঃ)
unokhansama@mopa.gov.bd


তারিখঃ ১৪/১০/ ২০১৯ খ্রি:।

স্মারক নং- ৫৬.০৪.২৭৬০.০০০.০৬.০০২.১৯-০৭

অনুলিপি : (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৯ দিনাজপুর-৪, খানসামা-চিরিরবন্দর ও সভাপতি, অর্থ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।
০২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
০৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৫। প্রকল্প পরিচালক, এটুআই, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
০৬। জেলা প্রশাসক, দিনাজপুর।
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, খানসামা, দিনাজপুর।
০৮। উপজেলা ............................................................অফিসার, খানসামা, দিনাজপুর।
০৯। জনাব ............................................................................ খানসামা, দিনাজপুর।
১০। অফিস নথি।

(মোঃ মিজানুর রহমান)
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
খানসামা, দিনাজপুর।